

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন  
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২  
[www.ddm.gov.bd](http://www.ddm.gov.bd)

স্মারক নং-৫১.০১.০০০০.০৪২.০৫.০১০.২৩.২৯

তারিখ: ০৫/০৫/২০২৪ খ্রি.

**বিষয়ঃ ২০২৪-২৫ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) প্রণয়ন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মাঠ পর্যায়ে অফিস তথা জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তার কার্যালয়ের ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া প্রণয়ন করে অধিদপ্তরে প্রেরণ করতে হবে। মাঠ পর্যায়ের এপিএ প্রস্তুত করার জন্য বিভিন্ন কর্মসূচী ও প্রকল্পসমূহের কার্যক্রমের জেলাওয়ারী বিভাজনকৃত লক্ষ্যমাত্রা এতদসঙ্গে প্রেরণ করা হলো। এছাড়া সংশ্লিষ্ট অফিসসমূহ নিজ নিজ উদ্যোগে কিছু কার্যক্রম গ্রহণ করতে পারে যা এপিএ তে সংযুক্ত করা যেতে পারে। এছাড়া প্রত্যেক জেলার এপিএ তে সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ সংযুক্ত করতে হবে। এ লক্ষে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এর মহাপরিচালক মহোদয় ও জেলা পর্যায়ের জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাবৃন্দের সাথে ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষরের লক্ষে স্ব স্ব জেলার খসড়া এপিএ প্রস্তুত করে আগামী ১৩ মে ২০২৪ তারিখের মধ্যে এপিএ টিম লিডার ও পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ) বরাবর হার্ডকপি এবং একটি সফট কপি ই-মেইল যোগে ([cms@ddm.gov.bd](mailto:cms@ddm.gov.bd)) প্রেরনের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, অধিদপ্তর হতে জেলার খসড়া এপিএ এর উপর ফিডব্যাক প্রাপ্তি সাপেক্ষে স্ব-স্ব জেলার ২০২৪-২০২৫ অর্থবছরের এপিএ চূড়ান্ত করত: আগামী জুন মাসের তৃতীয় সপ্তাহে চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান অধিদপ্তরে অনুষ্ঠিত হবে।


২। বিষয়টি অতীব জরুরী।

সংযুক্ত: লক্ষ্যমাত্রার জেলাওয়ারী বিভাজন।

জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা  
সকল জেলা।

অনুলিপি (জ্ঞাতার্থে/কার্যার্থে)

- ১। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
- ২। অফিসার ইনচার্জ, জরুরী সাড়াদান কেন্দ্র, (পত্রটি সকল ডিআরআরওদের e-mail এ প্রেরণের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৩। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৪। পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ) ও এপিএ টিম লিডার এর ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৫। অফিস কপি।

  
(সৈয়দ আশরাফ উল ইসলাম)  
কমিউনিকেশন মিডিয়া স্পেশালিস্ট  
ও  
এপিএ ফোকাল পয়েন্ট  
ফোনঃ ০২-২২২২৮৯৬৩২  
ই-মেইল: [cms@ddm.gov.bd](mailto:cms@ddm.gov.bd)